

কোভিড; প্রকৃতির প্রতিশোধ নাকি ঘরে ফেরার ডাক!!

আমরা প্রত্যেকেই এই প্রকৃতির সন্তান ।

সেই সম্পর্কে প্রকৃতি আমাদের সকলের মা।

আর একজন মায়ের কাছে তার প্রতিটি সন্তানই সমান, তা সে একটি মানুষই হোক কিংবা একটি ক্ষুদ্র জীবানু ।

এককোষী থেকে শুরু করে বহুকোষী তথা সমগ্র জীবকূল এই প্রকৃতির গর্ভজাত। তাই প্রকৃতির বিচার সকলের জন্যই সমান।

আমরা প্রত্যেকেই জানি যে, কোনো সন্তান যদি মাকে বারংবার আঘাত করে, তবুও মা সেই সন্তানকে ক্ষমা করে দেয়; কিন্তু একটা সময় আসে, যখন নিজের অপর সন্তানদের উপর অত্যাচার হতে দেখে মা তার সহ্য শক্তি হারিয়ে, সেই কুসন্তানকে শাস্তি দেয়। ঠিক তেমনই মানবজাতির বৃক্ষচ্ছেদন, অকারণে প্রাণী হত্যা, বনভূমির ধ্বংসায়ন প্রভৃতির মতো ক্ষমার অযোগ্য অপরাধের জন্য, পরম মাতৃকা প্রকৃতি আমাদের উপর--কোভিড/করোনা, পঙ্গপালের আক্রমণ থেকে শুরু করে উম্পুন, নিসর্গ প্রভৃতির আঘাত হানছে ।

কারণ প্রতিটায় মানুষের করা পাপ ও প্রকৃতির ওপর নির্মম অত্যাচারের শাস্তি স্বরূপ ।

তাই এখনও যদি আমরা প্রকৃতির উপর করা অত্যাচার বন্ধ না করি!! প্রকৃতির অন্যান্য প্রাণী, উদ্ভিদ তথা সমগ্র জীবকূলকে অকারণে কিংবা নিজের সুখের কিংবা ভোগ বিলাসিতার জন্য হত্যা করা বন্ধ না করি, তাহলে প্রকৃতির রোষানল থেকে কারোর নিস্তার নেই ।

তাই সমগ্র মানব জাতির এখনই সাবধান হওয়া উচিত । সম্মুখে যে আসছে চরম দুর্ভোগের দিন ।

কারণ, মানব জাতির বারংবার করা এসব ভুল গুলি শুধুমাত্রই ভুল নয়; এগুলো অন্যায়, এগুলো পাপ..।

আর মানবজাতির পাপের ঘড়া হয়ত পূর্ণ হয়েই এসেছে। এবার কী তাহলে ধ্বংস আসন্ন..!!

তাই এখন এটা মনে হতেই পারে, এ যেন প্রকৃতির প্রতিশোধ। কিন্তু মা কি কখনও তার সন্তানের উপর প্রতিশোধ নিতে পারে !!

আরেক সন্তান তো কুসন্তান হতে পারে । কিন্তু মাতা কী কখনও কুমাতা হতে পারে ??

আর প্রকৃতি তো আমাদেরই পরম মাতৃকা। সে কী কখনোই তার সন্তানদের উপর প্রতিশোধ নিতে পারে??

আমরা জন্মের পর থেকে প্রাপ্তবয়স্ক হওয়া পর্যন্ত প্রত্যেকেই কম বেশি মায়ের ছত্রছায়াতে বড় হয়ে উঠি। কিন্তু বড় হওয়ার সাথে সাথে আমরা অনেক কেউই কুসঙ্গে পড়ে সেই ছত্রছায়া থেকে বেরিয়ে আসতে চাই। উচ্চাকাঙ্ক্ষা তথা প্রলোভনের বশে হিতাহিত ভুলে অন্যের ক্ষতি করে ফেলি, কখনও কখনও আপন জনেদেরও। এর ফলে কখন যে আমরা নিজেদেরই ক্ষতি করে ফেলছি!! তা বুঝেই উঠতে পারিনা ।

ঠিক এমনটাই অবস্থা আমাদের এই সমগ্র মানবজাতির । আমরা সব কিছু জেনেও অবুঝ। ভুল করছি জেনেও সেই ভুল বারংবার করছি। পরম মাতৃকা প্রকৃতিকে বিভিন্ন ভাবে বারবার আঘাত করছি।

আচ্ছা সন্তান হয়ে কী মায়ের উপর এইরকম অত্যাচার ও ক্ষতিসাধন করা যায় ??

আত্মসুখের মোহে আমরা তো এটাই ভুলে গেছি যে এই প্রকৃতির কোল থেকেই আমাদের জন্ম ।

তাই এমত অবস্থায় মা তার সন্তানকে শাস্তি দেওয়ার মধ্য দিয়েই সঠিক পথে ফিরিয়ে আনার চেষ্টা করে। ঠিক যেমন আমরা 'কোভিড'/'করোনা' রূপে শাস্তি পাচ্ছি । তাই এটা প্রকৃতির প্রতিশোধ নয়, এটা শাস্তি । যার দ্বারা প্রকৃতি আমাদের এটা বোঝাতে চাইছে যে, আমরা ভুল করেছি । আমরা অন্যায় তথা পাপ করেছি এবং করে চলেছি ।

তাই আমাদের এই ভুল গুলো সংশোধন করতে হবে। প্রকৃতির ডাকে সাড়া দিয়ে তার কোলে আবারও ফিরতে হবে ।

আবারও সেই দূষণ মুক্ত, এক শান্তিপ্ৰিয় পৃথিবী গড়ে তুলতে হবে ।

এ তো এক মায়ের তার সন্তানের উদ্দেশ্যে সুপথে ফেরার আহ্বান ।

পরম মাতৃকা প্রকৃতির তার মানব সন্তানদের উদ্দেশ্যে, এ যেন এক..ঘরে ফেরার ডাক ॥